গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-৪১.০১.৪৯১৮.০০০.০৬.০০১.২১- ২৮২

তারিখ ঃ ২০ অগ্রহায়ণ ১৪২৮ / ০৫ ডিসেম্বর ২০২১

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৮ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে সমাজকল্যাণ কমিটির সভা অনুষ্টিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোছাঃ জান্নাতী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। উপজেলা সমাজসেবা অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। করোনাকালীন বেকার যুবক-যুবতীদের মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
৪। বিবিধ।

০৫/১২/২০২১

(মোঃ রায়হানুল ইসলাম)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও সদস্য সচিব
সমাজকল্যাণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

.......................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

পরিশিষ্ট"ক": উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও উপস্থিতি স্বাক্ষর

| ক্রম | ইাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোছাঃ জান্নাতি বেগম | ভাইস চেয়ারম্যান(মহিলা)<br>উপজেলা পরিষদ, ফুলবাড়ি, কুড়িগ্রাম<br>ও সভাপতি<br>উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি। | |
| ০২ | মোঃ শরিফুল আলম সোহেল | চেয়ারম্যান, ০২ নং শিমুলবাড়ি ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |
| ০৩ | মোঃ আতাউর রহমান মিন্টু | চেয়ারম্যান, ০৪ নং বড়ভিটা ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |
| ০৪ | মো: রায়হানুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার<br>ও সদস্য সচিব<br>উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |

উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ জান্নাতি বেগম
ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্থান ঃ ভাইস চেয়ারম্যান(মহিলা) এর কার্যালয়, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ০৮/১২/২০২১ ইং রোজ বুধবার

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভা নং : ০৩।

আলোচ্য বিষয়

১. গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২. পল্লী সমাজসেবা কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির জন্য জাগরণী সপ্তাহ পালন সম্পর্কে আলোচনা।
৩. বিবিধ।

**সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী, উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।**

সভায় সভাপতি জনাব মোছাঃ জান্নাতি বেগম, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামকে সভার বিষয়বস্তু উপস্থাপন করার আহবান জানান।

**আলোচ্য বিষয়ের আলোকে গৃহিত সিদ্ধান্তসমূহ**

**১। গত সভারকার্যবিবরণীপাঠ ও অনুমোদনঃ**
অদ্যকার সভায় ০১নং আলোচ্য বিষয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় সেটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।

**২। পল্লী সমাজসেবা কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির জন্য জাগরণী সপ্তাহ পালন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ**
০২ নং আলোচ্য বিষয়ে সদস্য সচিব ও সভায় উপস্থাপন করেন যে, পল্লী সমাজসেবা কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির জন্য আগামী "১৪-২১ ডিসেম্বর ২০২১ সুদমুক্ত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ" পালনের জন্য অধিদফতর থেকে নির্দেশনা এসেছে। উক্ত নির্দেশনায় উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যকমের অবিনিয়োগকৃত অর্থ বিনিয়োগ, ব্যাংকে গচ্ছিত অর্থ পুনঃবিনিয়োগ ও অনাদায়ী অর্থ আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে। তাই এক্ষেত্রে বিভিন্ন প্রকল্প দলের অনাদায়ী অর্থ আদায়সহ ঋণ কার্যক্রমসমূহ হালনাগাদকরণে সদস্য সচিব উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ সভায় এ সকল বিষয়ে আলোচনান্তে কার্যাদি যথাযথভাবে সম্পাদনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয় এবং প্রত্যেকে সহায়তা করার অঙ্গীকার করেন।

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ জান্নাতি বেগম)
ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ, ফুলবাড়ি, কুড়িগ্রাম
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি।

স্মারক নং- ৪১.০১.৪৯১৮.০০০.০৬.০০১.২১.  তারিখঃ ০৮/১২/২০২১ খ্রি.

সদয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পরিষদ চেয়ারম্যান, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২. উপজেলা নির্বাহি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম
৩. চেয়ারম্যান......................................... .... ।
৪. জনাব, ............ .... ........................।
৫. অফিস কপি।

(মোঃ রায়হানুল ইসলাম)
উপজেলা সমাজসেবা অফিসার ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।